



উপজেলা পরিক্রমা

নবীগঞ্জ

নবীগঞ্জ, ১১ জানুয়ারী (সংবাদদাতা)।—
১৭১ বর্গমাইল আয়তন বিশিষ্ট
উপজেলার নাম নবীগঞ্জ। এ উপজেলার
লোক সংখ্যা দু'লক্ষাধিক। কৃষি, শিক্ষা,
চিকিৎসা, যোগাযোগ, আবাসিক,
পরিবার-পরিকল্পনা ও প্রশাসনিক কর্মকাণ্ড
ইত্যাদি ক্ষেত্রে নানাবিধ সমস্যা বিদ্যমান।
কৃষি
এ উপজেলায় ইরি, বোরো, আমন ও
আউশ প্রচুর ফলে। কৃষিই প্রধান
উপজীবিকা। মোট জমির মধ্যে আউশ
৭৫০০ একর, আমন ৩৭৫০০ একর,
অন্যান্য ফসল ফলানো জমি ৭০০০
একর, এক ফসলা ৫৭০০০ একর,
দু'ফসলা ৮০০০ একর, তিন ফসলা জমি
রয়েছে এক হাজার একর। মোট আবাদী
জমি রয়েছে ৬৫ হাজার একর। খরা,
অনাবৃষ্টি অতিবৃষ্টি ও নানা রকম প্রাকৃতিক
দুর্যোগ, পোকা মাকড় ইদুর ইত্যাদি
ফসলের ব্যাপক ক্ষতিসাধন করেছে।
চিকিৎসা
এ উপজেলায় রয়েছে একটি মাত্র স্বাস্থ্য ও

৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। কর্মরতা
ডাক্তারগণ প্রাইভেট চিকিৎসায় ব্যস্ত
থাকেন। উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে বিদ্যুৎ
রয়েছে। কিন্তু নিয়মিত বিদ্যুৎ থাকে না।
রাত্রিকালে অবস্থানরত রোগীদের দারুণ
অসুবিধা সৃষ্টি হচ্ছে।
শিক্ষা
এ উপজেলায় একটি মাত্র কলেজ
প্রতিষ্ঠিত হয়েছে। বহু দিনের আকাংক্ষিত
ও প্রত্যাশিত বিদ্যাপীঠটি বন্যাশয় কেন্দ্রে
কোন রকমে পরিচালিত হচ্ছে। কলেজের
ভিত্তিপ্রস্তর স্থাপন করা হলেও কলেজের
নিজস্ব ভবন নির্মাণের কোন উল্লেখযোগ্য
উদ্যোগ নেয়া হচ্ছে না। এ উপজেলায়
মোট ১৪৬টি সরকারী প্রাথমিক স্কুল, ৯টি
হাই স্কুল, ৭টি মাদ্রাসা, জুনিয়র হাইস্কুল
৩টি এবং ফুরকানিয়া মাদ্রাসা ৯টি
রয়েছে। জনসংখ্যার অনুপাতে এসব
শিক্ষা প্রতিষ্ঠান যথেষ্ট নয়। প্রাথমিক
পর্যায়ে শিক্ষক স্বল্পতা, বিদ্যালয় গৃহের
অব্যবস্থা, আসবাব পত্রের অপ্রতুলতা ও
যোগাযোগের অব্যবস্থা লক্ষ্য করা যাচ্ছে।